## আনোয়ারা উপজেলা পরিষদ

চট্টগ্রাম জেলা।

www.anwara.chittagong.gov.bd

### আগস্ট/২০২৩ মাসে অনুষ্ঠিত আনোয়ারা উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব তৌহিদুল হক চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আনোয়ারা, চট্টগ্রাম।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ : ৩১/০৮/২০২৩
সময় : ১২.০০ ঘটিকায়
সভায় উপস্থিতি : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানান। তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। এতে সংশোধন, সংযোজনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়। পরবর্তীতে দপ্তরভিত্তিক বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১) | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা প্রতিনিধি বলেন, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | কৃষি বিভাগ |
| ২) | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা বলেন, ৩য় ও ৪র্থ শ্রেণী জনবল সংকট আছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরের রাস্তার অবস্থা খারাপ হয়ে গেছে দ্রুত সময়ে সংস্কার করা প্রয়োজন। এছাড়া তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | জনবল নিয়োগে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | স্বাস্থ্য বিভাগ |
| ৩) | মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | মৎস্য বিভাগ |
| ৪) | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক এবং উন্নয়ন ও সম্প্রসারণ কর্মকান্ড সুচরুভাবে চলমান আছে। | চলমান কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | প্রাণি সম্পদ বিভাগ |
| ৫) | উপজেলা পরিষদ সংক্রান্ত | উপজেলা প্রকৌশলী ২০২৩-২০২৪ অর্থবছরের উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল, এডিপি ও রাজস্ব তহবিলের আওতায় | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল, এডিপি ও উপজেলা পরিষদ রাজস্ব | উপজেলা পরিষদ |

| ক্রমিক | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | বাস্তবায়নযোগ্য প্রকল্প সমূহ সভায় উপস্থাপন করেন: (সংযুক্তি পরিশিষ্ট-খ) | তহবিলের অর্থায়নে উপস্থাপিত প্রকল্পসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | |
| ৬) | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) বলেন, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | চলমান কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ |
| ৭) | পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, জুলাই/২৩ মাসের রিপোর্ট নিম্নোক্তভাবে উপস্থাপন করেন:<br>সক্ষম দম্পতি: ৪৮,৮৮৭<br>মোট গ্রহণকারী: ৩৬৩৫৯<br>গ্রহণকারী হার%:৭৪.৩৭%<br>মোট গর্ভবতী: ১৩৮২(নতুন: ১৮৩)<br>ইউনিয়ন স্বাস্থ্য পরিবার কল্যাণ কেন্দ্র ডেলিভারী: ১৫ জন<br>উপজেলায় মোট ডেলিভারী: ১৫২(স্বাভাবিক-৯৬,সিজারিয়ান-৩৩প্রশিক্ষণ প্রাপ্ত-২৩ ও প্রশিক্ষণ বিহীন-০)<br>মোট ANC-৪২৪<br>মোট PNC-১০৩<br>Method Mix(পদ্ধতি মিশ্রন)<br>সর্বমোট — বিতরণ/সম্পাদন: ২০৬৪১; অর্জন/গ্রহণকারী: ৩৬৩৫৯<br>•সল্পতম জনবল থাকা সত্ত্বেও কার্যক্রম সন্তোষজনকভাবে চলমান আছে। | চলমান কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | পরিবার পরিকল্পনা বিভাগ |
| ৮) | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা বলেন, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | চলমান কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | সমাজসেবা বিভাগ |
| ৯) | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার বলেন, উপজেলার ১০৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জন্য প্রাক প্রাথমিক শ্রেণিকক্ষ সজ্জিতকরণের জন্য ১০,০০০/- টাকা করে বরাদ্দ পাওয়া যায়। প্রধান শিক্ষকগণ ইতিমধ্যে সজ্জিতকরণের কাজ শেষ করে ভাউচার জমা দিয়েছেন। প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে প্রাক প্রাথমিক শিক্ষার গুরুত্ব অপরিসীম শিশুর যোগ্য বিকাশের স্বার্থে বিদ্যালয়ের সৌন্দর্যবর্ধন পরিবেশ আনন্দদায়ক ও মনোরম পরিবেশ উন্নয়ন রাখার জন্য সরকারের নিয়মিত প্রদত্ত বরাদ্দের সঠিক ব্যবহারে স্থানীয় ইউ.পি চেয়ারম্যানসহ সংশ্লিষ্টদের মনিটরিং জোরদার করা প্রয়োজন। বিভাগের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলমান আছে। | প্রাথমিক বিদ্যালয়ে প্রদত্ত সরকারি বরাদ্দ সমূহের সঠিক বাস্তবায়ন ও পরিবেশ উন্নয়ন এর দিকসমূহ মনিটরিং জোরদার করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | প্রাথমিক শিক্ষা বিভাগ |
| ১০) | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি | মাধ্যমিক শিক্ষা বিভাগ |

| ক্রমিক | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | | প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | |
| ১১) | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, ১। খাদ্যবান্ধব কর্মসূচীর অধীন আনোয়ারা উপজেলায় ৩৩১২ পরিবারকে সেপ্টেম্বর/২৩ ও অক্টোবর/২৩ মাসের প্রতিমাসের ৩০ কেজি করে মোট ৬০কেজি করে চাল প্রতিকেজি ১৫/- টাকা করে ১১ ইউনিয়নের ১১জন ডিলারের মাধ্যমে বিতরণ করা হয়েছে।<br>২। আনোয়ারা উপজেলায় ১২৮৮৮ টি পরিবারকে টিসিবি পণ্যের সাথে প্রতি পরিবারকে ৫কেজি চাল বিতরণ করা হয়েছে। প্রতিকেজি চালের মূল্য ৩০/-টাকা। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | খাদ্য বিভাগ |
| ১২) | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, ১। জাতীয় শোক দিবস উপলক্ষে প্রশিক্ষণ প্রাপ্ত ০৪(চার)জন যুবকে ঋণ হিসাবে ৩,২০,০০০/- (তিন লক্ষ বিশ হাজার) টাকা প্রদান করা হয়েছে।<br>২। যুব ও যুবমহিলাদেরকে প্রশিক্ষণ প্রদান করার জন্য প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।<br>৩।আগস্ট/২০২৩ মাসের ঋণ আদায়ের হার ৯৮%। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | যুব উন্নয়ন বিভাগ |
| ১৩) | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | সমবায় বিভাগ |
| ১৪) | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন, ১। ২০২৩-২৪ অর্থবছরে ভিডব্লিউবি কার্যক্রমের জুলাই হতে সেপ্টেম্বর/২৩ মাসের চাল বিতরণ সুষ্ঠুভাবে হয়েছে।<br>২। ২০২৩-২৪ অর্থবছরের মা ও শিশুভাতার সহায়তা কর্মসূচীর ১১টি ইউনিয়নের আবেদন MIS অন্তর্ভুক্ত করা হয়েছে এবং উপজেলা কমিটির মাধ্যমে ১৩২ জন ভাতাভোগী অন্তর্ভুক্ত হয়েছে।<br>৩। ১১টি ইউনিয়নে কিশোর কিশোরী ক্লাবের ক্লাস পরিচালনা শতভাগ নিশ্চিত হচ্ছে এবং সকল ক্লাবে পোষাক বিতরণ করা হয়েছে। | চলমান কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | মহিলা বিষয়ক বিভাগ |
| ১৫) | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | চলমান কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | প্রকল্প বাস্তবায়ন বিভাগ |
| ১৬) | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড |
| ১৭) | ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন বলেন, মডেল মসজিদের কাজ ৮০% শেষ হয়েছে। বাকী কাজ চলমান, ঠিকাদার জানিয়েছেন ৩০/০৯/২০২৩ তারিখ উদ্বোধন হওয়ার সম্ভাবনা আছে। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম সমূহ যথাযথভাবে পরিচালনা এবং নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি | ইসলামিক ফাউন্ডেশন |

| ক্রমিক | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ২। মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম চলমান, অন্যান্য কেন্দ্রগুলো ২০২৪ সালে শিক্ষক নিয়োগ দিয়ে পূরণ করার আশ্বাস পাওয়া গেছে।<br>৩। আনোয়ারা উপজেলা ইসলামিক ফাউন্ডেশনে ০৫ জন কেয়ার টেকার ছিল। তন্মধ্যে ০৩টি পদ শূন্য আছে। আগামী মাসে কেয়ারটেকার নিয়োগের সম্ভাবনা রয়েছে। উপজেলার প্রতিটি মসজিদে সচেতনতামূলক বিভিন্ন প্রচারনা কার্যক্রম চলমান আছে। | প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | |
| ১৮) | উপজেলা পরিষদের ব্যয় সংক্রান্ত | বিধি মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে দাপ্তরিক প্রয়োজনে স্থানীয়ভাবে নিম্নলিখিত ব্যয় সমূহ সম্পাদন করা হয়েছে।<br>**আগস্ট/২০২৩ মাস**<br>১। মালী ও সুইপার মজুরি=২৮,৬০০/- | উপজেলা পরিষদের দাপ্তরিক প্রয়োজনে রাজস্ব তহবিল হতে সম্পাদিত ব্যয় সমূহ উপস্থিত সদস্যগণের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে ভূতাপেক্ষ অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ |

পরিশেষে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/০৮/২৩

**(তৌহিদুল হক চৌধুরী)**
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
আনোয়ারা, চট্টগ্রাম।
ফোন:০২৩৩৪৪৬১০২১
ই-মেইল: uzcanwara@gmail.com

স্মারক নং-০৫.২০.১৫০৪.০০০.১৬.০০৭.২৩- ২৪২(৪০)
তারিখঃ ৩১/০৮/২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মাননীয় সংসদ সদস্য, চট্টগ্রাম-১৩ ও মাননীয় মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আনোয়ারা, চট্টগ্রাম।
৬। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আনোয়ারা, চট্টগ্রাম।
৭। মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আনোয়ারা, চট্টগ্রাম।
৮। উপজেলা............................................কর্মকর্তা(সকল), আনোয়ারা, চট্টগ্রাম।
৯। চেয়ারম্যান............................................ইউ.পি (সকল), আনোয়ারা, চট্টগ্রাম।
১০। সংরক্ষিত সদস্য(সকল), উপজেলাপরিষদ, আনোয়ারা, চট্টগ্রাম।
১১। জনাব........................................................................
১২। সংরক্ষণ নথি।

(মো: ইশতিয়াক ইমন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
আনোয়ারা, চট্টগ্রাম।
ফোন: ০২৩৩৪৪৬০৯৩০
ই-মেইল: unoanwara@mopa.gov.bd